গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
৩২, বিচারপতি এস. এম. মোর্শেদ সরণী
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।

**বিষয়: ২৫/১০/২০১৮ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন কমিটি সভার কার্যবিবরণী।**

সভাপতি : নিতাই পদ দাস
পরিচালক (যুগ্ম সচিব)

তারিখ : ২৫/১০/২০১৮ খ্রি:
বার : বৃহস্পতিবার
সময় : সকাল ১০.৩০ ঘটিকা
স্থান : জাতীয় গ্রন্থাগার ভবন, পরিচালকের অফিস কক্ষ।

**সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ:**
১। জনাব তাহমিনা আক্তার, উপপরিচালক (আ.) চলতি দায়িত্ব, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা। - সদস্য
২। জনাব মোঃ জামাল উদ্দিন, চীফ বিব./উপপরিচালক, চলতি দায়িত্ব, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা। - সদস্য
৩। জনাব মোঃ মিজানুর রহমান, মাইক্রোফিল্ম অফিসার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা। - সদস্য
৪। জনাব মুহাম্মদ মুসলিম উদ্দিন, বিবলিওগ্রাফার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা। - সদস্য
৫। জনাব মোঃ ইলিয়াছ মিয়া, গবেষণা কর্মকর্তা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা। - সদস্য
৬। জনাব মোঃ হারিছ সরকার, প্রোগ্রামার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা। -সদস্য সচিব

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং আলোচ্য বিষয়ের উপর আলোচনা শুরু করার জন্য সদস্য সচিবকে অনুরোধ জানান। ইনোভেশন কমিটির সদস্য সচিব জনাব মোঃ হারিছ সরকার আলোচ্যসূচির প্রারম্ভে বলেন যে, গত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রত্যেক সদস্য নতুন নতুন উদ্ভাবনী ধারণা উপস্থাপন করবেন। এ বিষয়ে সকল সদস্যকে নতুন ধারণা উপস্থাপন করার জন্য তিনি অনুরোধ করেন।

**আলোচ্যসূচি-০১ ক্ষুদ্র উদ্ভাবন প্রকল্প (Small Improvement Project-SIP)**

সভাপতি প্রত্যেক কর্মকর্তাকে ক্ষুদ্র উদ্ভাবন প্রকল্প (SIP) সম্পর্কে ধারণা প্রদানের জন্য অনুরোধ জানান। অধিদপ্তরের চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক (চ.দা.) জনাব মোঃ জামাল উদ্দিন বলেন অধিদপ্তরের লাইব্রেরিতে অনেক পাঠক আসেন। তাদের দুপুরের খাবারের জন্য কোন স্থান নির্ধারিত নাই। পাঠকগণ কেউ বাগানে বসে, কেউ লবিতে বসে তাদের দুপুরের আহার করেন। এটি দেখতে অসুন্দর দেখায়। এ ছাড়া পাঠকগণও আহারের জন্য একটি নির্ধারিত জায়গা করে দেয়ার জন্য মৌখিকভাবে অনুরোধ করেছেন। বিস্তারিত আলোচনা করার পর জাতীয় গ্রন্থাগার ভবনের নীচ তলায় বিবলিওগ্রাফি শাখার পাশের কক্ষটিকে প্রয়োজনীয় আসবাবপত্র দিয়ে সাজিয়ে পাঠকদের আহারের কক্ষ হিসেবে ব্যবহার উপযোগী করা যায় বলে সকলে একমত পোষণ করেন।

**আলোচ্যসূচি-০২ (বিবিধ)**

বিবিধ আলোচনার সময় অধিদপ্তরের জাতীয় আরকাইভসের উপপরিচালক, (চলতি দায়িত্ব), জনাব তাহমিনা আক্তার অফিসের মহিলা কর্মীর সন্তানদের ফিডিং এবং দেখাশুনার সুবিধার্থে অফিসে একটি ডে-কেয়ার স্থাপনের প্রস্তাব করেন। তিনি আরও বলেন, এ বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সুনির্দিষ্ট নির্দেশনা রয়েছে। উপস্থিত সকলেই এ প্রস্তাবসমর্থন করেন। বিস্তারিত আলোচনার পর জাতীয় গ্রন্থাগার ভবনের নীচ তলায় বাঁধাই ও মেরামত শাখার পাশের কক্ষটিকে প্রয়োজনীয় উপকরণ দিয়ে সাজিয়ে ডে-কেয়ার সেন্টার হিসেবে স্থাপন করা যায় মর্মে সকলে ঐকমত পোষণ করেন।

**বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:-**

১। গ্রন্থাগার ভবনের নীচ তলায় বিবলিওগ্রাফি শাখার পাশের কক্ষটিকে প্রয়োজনীয় আসবাবপত্র দিয়ে সাজিয়ে পাঠকদের দুপুরের আহারের কক্ষ হিসেবে ব্যবহার উপযোগী করা।

২। জাতীয় গ্রন্থাগার ভবনের নীচ তলায় বাঁধাই ও মেরামত শাখার পাশের কক্ষটিকে প্রয়োজনীয় উপকরণ ও সাজানোর পর এটিকে ডে-কেয়ার সেন্টার হিসেবে প্রতিষ্ঠা করা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা কনরন।

২৭.১০.১২

(নিতাই পদ দাস)
পরিচালক (যুগ্ম সচিব)
ও
সভাপতি, ইনোভেশন কমিটি
ফোন: ৯১২৯৯৯২, ফ্যাক্স: ৯১১৮৭০৪, ৯১৩৫৭০৯
ই-মেইল: nanldirector@gmail.com

বিতরণঃ

১। জনাব মোঃ হারিছ সরকার, প্রোগ্রামার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
২। জনাব তাহমিনা আক্তার, উপপরিচালক (আ.) চলতি দায়িত্ব, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
৩। জনাব মোঃ জামাল উদ্দিন, চীফ বিব./উপপরিচালক, চলতি দায়িত্ব, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
৪। জনাব মোঃ মিজানুর রহমান, মাইক্রোফিল্ম অফিসার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
৫। জনাব মুহাম্মদ মুসলিম উদ্দিন, বিবলিওগ্রাফার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
৬। জনাব মোঃ ইলিয়াছ মিয়া, গবেষণা কর্মকর্তা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
৭। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
৮। পরিচালকের একান্ত সহকারী, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
৯। সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
৩২, বিচারপতি এস.এম.মোর্শেদ সরণী
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।

**আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরে ২৫-০১০-২০১৮ তারিখের ইনোভেশন সভায় পরিচালকের সভাপতিত্বে অনুষ্ঠিত ইনোভেশন কমিটির উপস্থিত সদস্যদের তালিকা।**

| ক্রমিক | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | জনাব তাহমিনা আক্তার, উপপরিচালক(আ.) চলতি দায়িত্ব, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা<br><br>সদস্য, ইনোভেশন কমিটি | [স্বাক্ষর] ২৫/১০/২০১৮ |
| ২ | জনাব মোঃ জামাল উদ্দিন, চীফ বিব./ উপপরিচালক, চলতি দায়িত্ব, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা<br><br>সদস্য, ইনোভেশন কমিটি | [স্বাক্ষর] ২৫/১০/১৮ |
| ৩ | জনাব মো: মিজানুর রহমান, মাইক্রোফিল্ম অফিসার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা<br><br>সদস্য, ইনোভেশন কমিটি | [স্বাক্ষর] ২৫.১০.১৮ |
| ৪ | জনাব মুহাম্মদ মুসলিম উদ্দিন, বিবলিওগ্রাফার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা<br><br>সদস্য, ইনোভেশন কমিটি | [স্বাক্ষর] ২৫/১০/২০১৮ |
| ৫ | জনাব মোঃ ইলিয়াছ মিয়া, গবেষণা কর্মকর্তা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা<br>সদস্য, ইনোভেশন কমিটি | [স্বাক্ষর] ২৫/১০/১৮ |
| ৬ | জনাব মোঃ হারিছ সরকার, প্রোগ্রামার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা<br><br>সদস্য সচিব, ইনোভেশন কমিটি | [স্বাক্ষর] ২৫/১০/১৮ |